The Bangladesh Monitor - A Premier Travel Publication

# বেইজিংয়ে হোটেল রোবট অ্যাপ্লিকেশন প্রতিযোগিতা

- A Monitor Desk Report Date: 03 December, 2025



**ঢাকাঃ বেইজিংয়ে উদ্বোধন হলো চীনের প্রথম হোটেল রোবট অ্যাপ্লিকেশন প্রতিযোগিতা। রাজধানীজুড়ে মোট ৩১টি দল এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছে।**

বাস্তব পরিস্থিতি ও হোটেল খাতের চাহিদার ওপর ভিত্তি করে আয়োজন করা হয়েছে এই প্রতিযোগিতা। স্মার্ট হোটেলের ডিজিটাল রূপান্তরকে ত্বরান্বিত করা এবং হোটেল রোবটের সরবরাহ ও ব্যবহারিক চাহিদার সমন্বয় করাও ছিল এ প্রতিযোগিতার উদ্দেশ্য।

প্রতিযোগিতাটি চারটি বিভাগে অনুষ্ঠিত হচ্ছে□রুম সার্ভিস, অভ্যর্থনা ও নির্দেশনা, পরিচ্ছন্নতার কাজ ও ইন্টারঅ্যাকটিভ বিনোদন। বাস্তব পরিস্থিতিতে রোবট কেমন দক্ষতা দেখায়, সেটাই ছিল এই প্রতিযোগিতার বিশেষ আকর্ষণ।

কিছু রোবট লিফট ব্যবহার করে লবি থেকে বিভিন্ন তলায় অতিথি কক্ষে প্রয়োজনীয় জিনিস সরবরাহ করেছে। কেউ অতিথিকক্ষ ও পাবলিক এলাকা পরিষ্কার ও জীবাণুমুক্তকরণের কাজ করছে। স্বাস্থ্য পরীক্ষা, ম্যাসাজ, প্যানকেক থেকে চা তৈরি□এসবও করেছে কিছু রোবট।

আয়োজকরা জানিয়েছেন, এই প্রতিযোগিতার লক্ষ্য চীনের স্মার্ট হোটেল রোবট শিল্পের একটি মানদন্ড তৈরি করা এবং এগুলোর ব্যবহারিক প্রয়োগ দ্রুত বাস্তবায়ন করা।

-B